



# জনসংযোগ অফিস

## বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

### প্রেস-রিলিজ

তারিখ: ০৪/০৩/২০১৮ খ্রি:

## বরিশাল বিশ্ববিদ্যালয়ে ইউজিসির কর্মশালা অনুষ্ঠিত

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) এর উদ্যোগে অদ্য ০৪ মার্চ ২০১৮ তারিখ সকাল ১১ ঘটিকায় বরিশাল বিশ্ববিদ্যালয়ে এক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের সরকারি কর্ম ব্যবস্থাপনা পদ্ধতির আওতায় বিশ্ববিদ্যালয়সমূহ এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সাথে সম্পাদিত বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির ২০১৬-১৭ অর্থ বছরের মূল্যায়ন, ২০১৭-১৮ অর্থ বছরের চুক্তি, বরাদ্দকৃত গবেষণা মঞ্জুরী এবং জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের বিভিন্ন দিক নিয়ে কর্মশালায় বক্তব্য রাখেন ইউজিসির অর্থ ও হিসাব শাখার অতিরিক্ত পরিচালক মোঃ রেজাউল করিম হাওলাদার, অর্থ ও হিসাব শাখার সিনিয়র সহকারী পরিচালক মোহাম্মদ নজরুল ইসলাম, পাবলিক বিশ্ববিদ্যালয় বিভাগের সহকারী পরিচালক মোঃ রবিউল ইসলাম। কর্মশালায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, রেজিস্ট্রার, পরিচালক (অর্থ ও হিসাব), ২২টি বিভাগের বিভাগীয় প্রধান, প্রভোস্টবৃন্দ, পরিচালকবৃন্দ, দপ্তর প্রধানগণ, বরিশাল বিশ্ববিদ্যালয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে প্রণীত নৈতিকতা, ওয়ার্কিং গ্রুপ ও কোর কমিটির সদস্যবৃন্দ, বিশ্ববিদ্যালয়ের ফোকাল পয়েন্ট এবং ইউজিসির বাজেট শাখার পরীক্ষক উপস্থিত ছিলেন। কর্মশালায় বক্তারা সর্বক্ষেত্রে শুদ্ধাচার নিশ্চিতকরণের মাধ্যমে স্বচ্ছতা ও জবাবদিহিতা আনয়ন করে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত ভিশন ২০২১ বাস্তবায়নের লক্ষ্যে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে সবাইকে ঐক্যবদ্ধ হয়ে কাজ করার আহ্বান জানান। একইসাথে শিক্ষা ও গবেষণায় বরিশাল বিশ্ববিদ্যালয়কে একটি মডেল বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত করার লক্ষ্যে ইউজিসি এবং বরিশাল বিশ্ববিদ্যালয় একযোগে কাজ করার অঙ্গীকার করেন। কর্মশালা শেষে ইউজিসি থেকে আগত সম্মানিত অতিথিবৃন্দ মাননীয় উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক এর সাথে এক সৌজন্য সাক্ষাতে মিলিত হন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস